# পলিসি ব্রিফ

ডিসেম্বর ২০২১

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় উপজেলা নারী নির্বাহী কর্মকর্তার চ্যালেঞ্জ ও করণীয়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে জাতীয় ও স্থানীয় পর্যায়ে জনগুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় নিয়ে গবেষণা ও অধিপরামর্শমূলক কার্যক্রম পরিচালনা করছে। সুশাসনের আঙ্গিকে নারী উন্নয়ন ও সমানাধিকার প্রতিষ্ঠা টিআইবি'র গবেষণা ও অধিপরামর্শ কার্যক্রমে অগ্রাধিকারমূলক একটি বিষয় হিসেবে অন্তর্ভুক্ত। টিআইবি ২০১৮ সাল থেকে নারী উপজেলা নির্বাহী কর্মকর্তাদের জন্য 'এসডিজি, সুশাসন এবং নারী' শীর্ষক একটি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। এই প্রচেষ্টার ধারাবাহিকতায় স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় নারী উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যক্রম পরিচালনায় চ্যালেঞ্জ তুলে ধরার অভিপ্রায়ে একটি গবেষণা পরিচালনা করা হয়েছে, যা ২০২১ সালের ৪ নভেম্বর প্রকাশিত হয়। এই গবেষণার ওপর ভিত্তি করে এই পলিসি ব্রিফ তৈরি করা হয়েছে। উল্লেখ্য, গবেষণার প্রতিবেদন ও অন্যান্য ডকুমেন্ট ইতিমধ্যে সংশ্লিষ্ট অংশীজনের কাছে পাঠানো হয়েছে, যা টিআইবি'র ওয়েবসাইটেও পাওয়া যাবে।

গবেষণায় দেখা যায়, অবৈধ আর্থিক সুবিধায় যোগসাজশের জন্য নির্বাচিত জনপ্রতিনিধি ও স্থানীয় রাজনীতিবিদদের পক্ষ থেকে অনেক ক্ষেত্রে নারী ইউএনওদের ওপর চাপ প্রয়োগ করা হয়। তাঁদেরকে সরকারের বিভিন্ন বিভাগের দপ্তরের সাথে সমন্বয়ের ক্ষেত্রে বিভিন্ন জটিলতার সম্মুখীন হতে হয়, এবং উপজেলা প্রশাসনের কাছে চাহিদার প্রেক্ষিতে অনেক ক্ষেত্রে পুলিশ ফোর্সের সহযোগিতা পাওয়া যায় না। ত্রাণ সামগ্রী বিতরণ ও বিভিন্ন প্রকল্পের কাজের পরিকল্পনা ও বাস্তবায়নের ক্ষেত্রেও স্থানীয় ও জাতীয় পর্যায়ের রাজনীতিবিদদের থেকে অনিয়ম করার জন্য নারী ইউএনওদের ওপর চাপ প্রয়োগ করা হয়। এছাড়া দুর্নীতির বিরূদ্ধে পদক্ষেপ নিতে গিয়ে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়। মূলত ক্ষমতাধর রাজনৈতিক ব্যক্তি এবং প্রভাবশালী ব্যক্তি, যারা বাংলাদেশের প্রেক্ষিতে বেশিরভাগ ক্ষেত্রে পুরুষ, তাদের কাছ থেকে চাপ প্রয়োগ করা হলে নারী হওয়ার কারণে পুরুষতান্ত্রিক সামাজিক, প্রশাসনিক ও রাজনৈতিক প্রেক্ষিতে তা মোকাবিলা করা কঠিন হয়ে পড়ে। এছাড়া সংবাদকর্মীদের কাছ থেকেও চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। সার্বিকভাবে দেখা যায়, নারী ইউএনও'দের কর্মক্ষেত্র এখনো জেন্ডার-বান্ধব নয়, এবং পুরুষশাসিত সমাজের মানসিকতাও শুধু লৈঙ্গিক পরিচয়ের কারণে নারী ইউএনও'দের কাজ করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা তৈরি করে।

দায়িত্ব পালনের সময় উদ্ভূত চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য ইউএনও'রা ক্ষেত্রবিশেষে বিভিন্ন দপ্তর ও কর্মকর্তার সহায়তা নিলেও বেশিরভাগক্ষেত্রে নিজে সমস্যা মোকাবেলার জন্য চেষ্টা করেন। তবে কোনো কোনো ক্ষেত্রে উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়, এবং স্থানীয় সংসদ সদস্যের সহায়তা নেন প্রায় এক-তৃতীয়াংশ ইউএনও। এছাড়া ২২.২% ইউএনও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নিয়ে থাকেন।

## সুপারিশ:

ওপরের বিশ্লেষণ থেকে ধারণা করা যায় নারী ইউএনও'রা স্থানীয় পর্যায়ে সুশাসন পরিচালনার ক্ষেত্রে নানা ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। নিম্নের সুপারিশগুলো বাস্তবায়িত হলে স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে নারী ইউএনও'রা আরও কার্যকর ভূমিকা রাখতে পারবেন ।

| ক্রম | সুপারিশ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | নারী ইউএনওদের প্রতি নেতিবাচক মনোভাব দূর করার জন্য উপজেলা পরিষদের জনপ্রতিনিধি ও উপজেলা পরিষদের অন্যান্য সরকারি কর্মকর্তাদের নিয়ে নারীর প্রতি সংবেদনশীল আচরণের উপর প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এছাড়া সরকারি কর্মকর্তাদের এসিআর এ জেন্ডার সংবেদশীলতাকে একটি সূচক হিসেবে রাখা যেতে পারে। | স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ২. | উপজেলা পরিষদের সাচিবিক সহায়তা প্রদান সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করার জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে ইউএনও এবং চেয়ারম্যানগণকে নিয়ে ওরিয়েন্টেশনের আয়োজন করা, | স্থানীয় সরকার বিভাগ |

[১] বিস্তারিত জানার জন্য দেখুন,
https://www.ti-bangladesh.org/beta3/index.php/en/research-policy/92-diagnostic-study/6354-uno-women

| ক্রম | সুপারিশ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | যার মূল লক্ষ্য হবে একে অন্যের প্রতিপক্ষ নয় বরং সহযোগী এটা অনুধাবন করানো। | |
| ৩. | দুর্নীতি প্রতিরোধে নারী ইউএনও'র পদক্ষেপের জন্য জেলা পর্যায়ে তাকে সম্মানিত করা এবং পুরস্কারের ব্যাবস্থা রাখতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ৪. | উন্নয়নমূলক কাজ সম্পাদন ও দুর্নীতি প্রতিরোধ করার ক্ষেত্রে কোনো নারী ইউএনও সুবিধাভোগী গোষ্ঠীর আক্রমণ ও ষড়যন্ত্রের শিকার হলে তাকে আইনগত সহায়তা দেওয়া ও নিরাপত্তা প্রদান করতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয়, দুর্নীতি দমন কমিশন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৫. | সংবাদমাধ্যমগুলোকে স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার জন্য যথাসাধ্য সঠিক সংবাদ প্রচারের মাধ্যমে ইউএনও'র কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে সহযোগিতা প্রদানে উৎসাহিত করতে হবে। | তথ্য মন্ত্রণালয়, জাতীয় ও স্থানীয় সংবাদমাধ্যম, স্থানীয় প্রেস ক্লাব |
| ৬. | মন্ত্রণালয়ের নীতিগত সিদ্ধান্তের মাধ্যমে জাতীয় ও স্থানীয় পর্যায়ের রাজনীতিবিদদের স্থানীয় উন্নয়নমূলক কাজে দুর্নীতি সহায়ক, অনৈতিক ও বিধিবহির্ভূত চাপ প্রয়োগ বন্ধ করার জন্য পরিপত্র জারি করতে হবে। | স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, দুর্নীতি দমন কমিশন |
| ৭. | দুর্যোগ ব্যবস্থাপনায় নারী ইউএনও'র সক্ষমতা বৃদ্ধির জন্য দুর্যোগ ব্যবস্থাপনার উপর নারী ইউএনওদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | দুর্যোগ ববস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৮. | নারী ইউএনওকে যথানিয়মে নিরাপত্তা ও সহযোগিতা প্রদান করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে তৎপর হতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয় |

**ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)**

মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫), বাড়ি ০৫, সড়ক ১৬ (নতুন) ২৭ (পুরাতন), ধানমণ্ডি, ঢাকা ১২০৯।
ফোন: +৮৮০২ ৪৮১১৩০৩২-৩৩, ৪৮১১৩০৩৬ । ফ্যাক্স:+৮৮০ ২ ৪৮১১৩১০১
info@ti-bangladesh.org www.ti-bangladesh.org TIBangladesh